# তারেক রহমানকে অভিনন্দন জানালেন মালয়েশিয়ার প্রধানমন্ত্রী



সংগৃহীত ছবি

বাংলাদেশের নবনির্বাচিত প্রধানমন্ত্রী তারেক রহমানকে টেলিফোনে অভিনন্দন জানিয়েছেন মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম। দায়িত্ব গ্রহণের পর দুই দেশের শীর্ষ পর্যায়ে এই যোগাযোগকে ইতিবাচক বার্তা হিসেবে দেখা হচ্ছে।

শুক্রবার (২০ ফেব্রুয়ারি) বিকেল ৩টার দিকে হওয়া ফোনালাপে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী বাংলাদেশের সঙ্গে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন খাতে যৌথভাবে কাজ করার আগ্রহ প্রকাশ করেন। বাণিজ্য, বিনিয়োগ ও জনশক্তি খাতে সহযোগিতা আরও বাড়ানোর বিষয়েও আলোচনা হয়।

এ সময় তারেক রহমান শুভেচ্ছার জন্য ধন্যবাদ জানান এবং দুই দেশের উন্নয়ন ও সমৃদ্ধি নিশ্চিত করতে একসঙ্গে কাজ করার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

LENS ASIA